

🗏 আন-নাবা | An-Naba' | ٱلنَّبَ

আয়াতঃ ৭৮:১

💵 আরবি মূল আয়াত:



কোন্ বিষয় সম্পর্কে তারা পরস্পর জিজ্ঞাসাবাদ করছে ? — আল-বায়ান লোকেরা কোন বিষয়ে একে অন্যের কাছে জিজ্ঞাসাবাদ করছে? — তাইসিরুল তারা পরস্পর কোন্ বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে? — মুজিবুর রহমান

About what are they asking one another? — ${\sf Sahih\ International}$

১. তারা একে অন্যের কাছে কী বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে?

তাফসীরে জাকারিয়া

১। তারা আপোসে কোন্ বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে?[1]

[1] রসূল (সাঃ) যখন নবুঅতপ্রাপ্ত হলেন, তখন তিনি তাওহীদ, কিয়ামত ইত্যাদির কথা বয়ান করতে লাগলেন এবং কুরআন মাজীদ তিলাঅত করে শুনালেন, সেই সময় কাফের ও মুশরিকরা আপোসে জিজ্ঞাসা করতে লাগল যে, কিয়ামত কি সত্যিকারে ঘটবে -- যেমন এই লোকটি দাবী করছে? অথবা এই কুরআন কি সত্যিকারে আল্লাহর তরফ থেকে অবতীর্ণ করা হয়েছে -- যেমন মুহাম্মাদ বলছে? প্রশ্নবাচক শব্দ দ্বারা আল্লাহ প্রথমে সেই সমস্ত জিনিসের সেই মহত্ত্ব প্রকাশ করেছেন, যা তার আছে। অতঃপর তিনি নিজেই এর উত্তর দিয়েছেন যে,------।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5673

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন